বার্ষিক প্রতিবেদন
২০১৯-২০২০

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

www.tmed.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বার্ষিক প্রতিবেদন

২০১৯-২০২০

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
www.tmed.gov.bd

প্রকাশকাল
অক্টোবর, ২০২০

প্রকাশক
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

প্রধান পৃষ্ঠপোষক
ডা. দীপু মনি, মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়

পৃষ্ঠপোষক
জনাব মহিবুল হাসান চৌধুরী, মাননীয় উপমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়

সার্বিক তত্ত্বাবধানে
জনাব মোঃ আমিনুল ইসলাম খান
সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

সম্পাদনায়
জনাব মোঃ মনিরুজ্জামান, অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন)

সম্পাদনা পরিষদ
জনাব এস. এম. মাহাবুবুর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
জনাব মোঃ নবীরুল ইসলাম, যুগ্মসচিব
জনাব রহিমা আক্তার, উপসচিব (কারিগরি-১)
জনাব রোকসানা রহমান, উপসচিব (প্রশাসন)
জনাব সুলতানা আক্তার, উপসচিব (মাদ্রাসা-৪)
জনাব মোহাম্মদ মোবাশ্বের হাসান, উপসচিব (সচিবের একান্ত সচিব)
জনাব তৌহিদুজ্জামান পাভেল, সিনিয়র সহকারী সচিব (কারিগরি-৪)

সার্বিক সহযোগিতায়ঃ
জনাব মো: হুমায়ূন কবীর, সহকারী সচিব
জনাব মো: এনামুল হক, প্রশাসনিক কর্মকর্তা
জনাব সত্যেন বিশ্বাস, সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর
জনাব এহসানুল হক, ক্যাটালগার

প্রিন্টিংঃ
স্প্যারো কমিউনিকেশন
২৭৮/৩ এলিফ্যান্ট রোড, কাঁটাবন, ঢাকা-১২০৫



সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

‘‘বাবারা একটু লেখাপড়া শিখ। শুধু বিএ, এমএ পাশ করে লাভ নেই। আমি চাই কৃষি কলেজ, কৃষি স্কুল, ইঞ্জিনিয়ারিং স্কুল ও কলেজ, যাতে সত্যিকারের মানুষ পয়দা হয়। বুনিয়াদি শিক্ষা নিলে কাজ করে খেয়ে বাঁচতে পারবে।”

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

"আমরা কারিগরি শিক্ষাকে যুগোপযোগী ও কার্যকর শিক্ষা ব্যবস্থায় রূপান্তরের জন্য চেষ্টা করছি।"

-মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

ডা. দীপুমনি, এম.পি.
মন্ত্রী
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

সরকারের উন্নয়ন কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য প্রতিটি মন্ত্রণালয় ও বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রকাশ গুরুত্বপূর্ণ। এ প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০ প্রকাশনার উদ্যোগকে আমি সাধুবাদ জানাই। বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ এগিয়ে যাচ্ছে অপ্রতিরোধ্য গতিতে। কোন জাতির উন্নয়ন ও অগ্রগতির পূর্বশর্ত শিক্ষা। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে প্রণীত রূপকল্প ২০২১ এর মধ্যে মধ্যম আয়ের ডিজিটাল বাংলাদেশ; ২০৩০ এর মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্য মাত্রা অর্জন; ২০৪১ এর মধ্যে উন্নত সমৃদ্ধ, শান্তিময় বাংলাদেশ, ২১০০ সালের ব-দ্বীপ পরিকল্পনা বাস্তবায়ন ডেমোগ্রাফিক ডিভিডেন্ড অর্জন এবং সর্বোপরি চতুর্থ শিল্প বিপ্লবের সফল অংশীদার হবার জন্য দক্ষ, প্রযুক্তি নির্ভর এবং মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ মানবিক গুণাবলী সম্পন্ন মানবসম্পদ গড়ে তোলার লক্ষ্যে কাজ করছে বর্তমান সরকার।

দেশের সব পর্যায়ে শিক্ষাকে বিশ্বমানে উন্নীত করতে হবে। আমাদের সামনে বড় চ্যালেঞ্জ হচ্ছে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা করতে এবং ডেমোগ্রাফিক ডিভিডেন্ড এর সুযোগ কাজে লাগাতে কারিগরি শিক্ষার সার্বিক উন্নয়ন ও সম্প্রসারণ, প্রাতিষ্ঠানিক অবকাঠামোর উন্নয়ন, যুগোপযোগী কারিকুলাম প্রণয়ন, দেশে-বিদেশে শিক্ষক প্রশিক্ষণের ব্যবস্থা করা, Industry-Academia সমন্বয় স্থাপন করাসহ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে নানাবিধ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কারিগরি শিক্ষার উন্নয়নের জন্য দেশের প্রতিটি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। প্রথম পর্যায়ে ১০০টি টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজ নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। ২য় পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল স্থাপনের লক্ষ্যে একনেক সভায় প্রকল্প অনুমোদিত হয়েছে। ৮টি বিভাগীয় শহরে ৮টি মহিলা টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন শীর্ষক প্রকল্প প্রস্তাব করা হয়েছে। সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কারিগরি শাখা খোলাসহ কারিগরি শিক্ষায় অধ্যয়নরত শিক্ষার্থীদের বিশেষ বৃত্তি প্রদান করা হচ্ছে। সরকার ২০২০ সাল নাগাদ কারিগরি শিক্ষায় ভর্তির হার ২০%, ২০৩০ সাল নাগাদ ৩০% এবং ২০৪০ সাল নাগাদ ৫০% এ উন্নীত করার পরিকল্পনা গ্রহণ করেছিলো। সে লক্ষ্যে কার্যক্রম পরিচালিত হচ্ছে এবং যেখানে ২০০৯ সালে কারিগরি শিক্ষায় অধ্যয়নরত শিক্ষার্থী ছিল মাত্র ১%, বর্তমানে যা বেড়ে ১৭.১৪% এ দাঁড়িয়েছে।

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা- প্রশিক্ষণে অন্তর্ভুক্তির হার যেসব দেশে অধিক সেখানে কর্মসংস্থানের হারও তুলনামূলক বেশি। এ বিষয়টি বিবেচনা করে প্রতিযোগিতামূলক বিশ্ববাজারে টিকে থাকা ও দক্ষ জনশক্তি সরবরাহ করার মাধ্যমে অর্থনৈতিক সাফল্য লাভের নিমিত্ত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা-প্রশিক্ষণের উপর সরকার বিশেষ গুরুত্বারোপ করেছে। স্থিতিশীল প্রবৃদ্ধি ও টেকসই উন্নয়নের জন্য দরকার বেকারত্বের হার কমিয়ে এনে কর্মদক্ষতাভিত্তিক সমাজ বিনির্মাণ। সে লক্ষ্য বাস্তবায়নের জন্য সরকার ২০২৩ সাল হতে সারা দেশের সকল শিক্ষাপ্রতিষ্ঠানে (বিদ্যালয় ও মাদ্রাসা) ৬ষ্ঠ-৮ম শ্রেণি পর্যন্ত প্রাক-বৃত্তিমূলক ও ৯ম-১০ম শ্রেণি পর্যন্ত বৃত্তিমূলক শিক্ষা চালু করার উদ্যোগ গ্রহণ করেছে। উক্ত উদ্যোগের ফলে দেশে ২৯৭৮৩টি শিক্ষা প্রতিষ্ঠানে (সাধারণ বিদ্যালয় ও মাদ্রাসা) প্রাক-বৃত্তিমূলক ও বৃত্তিমূলক কোর্স চালু হবে। এতে করে প্রাক-বৃত্তিমূলক পর্যায়ে ৫৪৬৩৩ জন শিক্ষক এবং বৃত্তিমূলক পর্যায়ে ৫২২৮৮ জন শিক্ষক ও ৫২২৮৮ জন ল্যাব এ্যাসিস্ট্যান্ট নিয়োগের সুযোগ সৃষ্টি হবে। ফলে একদিকে যেমন বিশাল একটি কর্মক্ষেত্রের সুযোগ সৃষ্টি হতে চলেছে, অপরদিকে কারিগরি শিক্ষায় সরকার নির্ধারিত এনরোলমেন্টের লক্ষ্যমাত্রা পূরণ করা সম্ভব হবে। অপরদিকে কারিগরি শিক্ষায় শিক্ষার্থীদের অধিক অংশগ্রহণে দেশে দক্ষতাসম্পন্ন লোক অর্থাৎ দক্ষ জনসম্পদ উত্তরোত্তর বৃদ্ধি পাবে, যা ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা এবং টেকসই উন্নয়ন ২০৩০, রূপকল্প ২০৪১ এবং ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ এর লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক হবে।

দক্ষতা নির্ভর শিক্ষা ব্যবস্থার পাশাপাশি মাদ্রাসা শিক্ষার জন্য সরকার মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠা করেছে। মাদ্রাসা শিক্ষায় কোরআন হাদিসসহ ধর্মীয় বিষয়সমূহের পাশাপাশি বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন বিষয় অন্তর্ভূক্ত করা হয়েছে। এছাড়া দেশে বর্তমানে বিপুল সংখ্যক মাদ্রাসা শিক্ষার্থীকে কর্মমুখী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রদানের মাধ্যমে উৎপাদনশীল মানব সম্পদে পরিণত করে বেকার সমস্যা দূর করার জন্য আগামী ২০২৩ সাল থেকে দেশের সকল মাদ্রাসায় কারিগরি শাখা খোলার বিষয়ে ইতোমধ্যে উদ্যোগ নেয়া হয়েছে। এ উদ্যোগের ফলে দেশের সকল মাদ্রাসাতে জ্ঞানভিত্তিক ও বৈষম্যহীন আত্মনির্ভরশীল সমাজ গঠন এবং সুখী সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অক্লান্ত প্রচেষ্টা অব্যাহত থাকবে বলে আমি আশা করি। বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০ প্রকাশনায় সংশ্লিষ্ট সকলকে তাদের উদ্যমী কর্মপ্রয়াসের জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

(ডা. দীপুমনি, এম.পি.)
মন্ত্রী

মহিবুল হাসান চৌধুরী, এম.পি.
উপমন্ত্রী
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং এর আওতাধীন দপ্তর, সংস্থা ও প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম, গৃহীত কর্মসূচি, অর্জন ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনার প্রতিবেদন স্বরূপ ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পেরে আমরা আনন্দিত।

শিক্ষা ব্যবস্থার উন্নয়ন করা বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য। আর কারিগরি শিক্ষার উন্নয়ন কার্যক্রমকে সরকার চ্যালেঞ্জ হিসেবে গ্রহণ করেছে। শিক্ষা ব্যবস্থার আধুনিকায়নের মাধ্যমে দেশের বিপুল জনগোষ্ঠীকে জনসম্পদে পরিণতকরণ তথা দক্ষ মানবসম্পদ সৃষ্টির লক্ষ্যে বর্তমান সরকার বিভিন্ন কর্মপরিকল্পনা ও কর্মকৌশল গ্রহণ করে তা বাস্তবায়ন করে যাচ্ছে এবং জনগণ এর সুফলও ভোগ করতে শুরু করেছে। তাছাড়া শিক্ষায় ইতিবাচক পরিবর্তন ও সার্বিক উন্নয়ন টেকসই করতে প্রয়োজন মানসম্পন্ন শিক্ষা ও দক্ষ জনশক্তি। এসব বিবেচনায় কারিগরি শিক্ষার প্রসার ও মানোন্নয়নে বহুমুখী কার্যক্রম গ্রহণ করা হয়েছে। কারিগরি শিক্ষার প্রসার ও এ শিক্ষার সুযোগ অবারিত করার লক্ষ্যে ফরিদপুর, সিলেট, ময়মনসিংহ ও বরিশাল জেলায় ০৪টি ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন করা হয়েছে। এর ফলে প্রতি বছর ৬৬০ জন শিক্ষার্থীর বিএসসি ইঞ্জিনিয়ারিং কোর্সে অধ্যয়নের সুযোগ সৃষ্টি হয়েছে। কারিগরি শিক্ষার মানোন্নয়নে বিভিন্ন স্টাডি পরিচালনা, বেইজলাইন সার্ভে, কারিকুলাম ডেভেলপমেন্ট, নীতিমালা প্রণয়ন, শিক্ষা ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণ এবং অনগ্রসর ও অন্যান্য এলাকায় নতুন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের কার্যক্রম অব্যাহত রয়েছে। কারিগরি শিক্ষা সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা এবং এ শিক্ষার আগ্রহ সৃষ্টির লক্ষ্যে সরকার ব্যাপক প্রচার প্রচারণারও ব্যবস্থা গ্রহণ করেছে। এছাড়া কারিগরি শিক্ষার উন্নয়নে ২০২০ সালে নতুন করে ৪৮৩টি প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হয়েছে।

কারিগরি শিক্ষার উন্নয়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোর বাস্তবভিত্তিক ক্লাসের পরিমাণ বৃদ্ধি প্রয়োজন। সে বিষয়ে প্রতিটি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাব স্থাপনের উপর অধিক গুরুত্ব প্রদান করা হয়েছে। শিক্ষার্থীরা যাতে বিষয়ভিত্তিক পাঠগুলো সহজেই বুঝতে পারে সে জন্য মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে শিক্ষকগণ পাঠদান করে থাকেন। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ইতোমধ্যে ৪৫০টি মাল্টিমিডিয়া প্রজেক্টর স্থাপন করা হয়েছে। শিক্ষকগণ যাতে যুগোপযোগী শিক্ষাদান করতে পারেন সে জন্য ICT, Web-Page Design, Freelancing, Graphics Design, Database এবং C Programming বিষয়ে ২৯৬৩ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

ধর্মীয় শিক্ষার মানোন্নয়নের জন্য সরকার মাদ্রাসা শিক্ষার প্রতিও গুরুত্বারোপ করেছে। উন্নত ও আধুনিক পদ্ধতিতে পাঠদানের লক্ষ্য সম্পন্ন হয় সে জন্য সরকার ২০১৯-২০২০ অর্থবছরে ২৬২১ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করেছে এবং বিএমটিটিআই এর মাধ্যমে এ প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। মাদ্রাসায় কারিগরি শিক্ষার সম্প্রসারণ করতে মাদ্রাসাগুলোতে কারিগরি শাখার অনুমোদন প্রদান করা হয়েছে। দেশে ৬৫৩টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া শ্রেণীকক্ষ স্থাপন প্রকল্প চলমান রয়েছে। মাদ্রাসা এডুকেশন এন্ড ইনফরমেশন সিস্টেম সাপোর্ট MEMIS স্থাপন করা হয়েছে। ২০২০ সালে নতুন করে ৪৯৯টি মাদ্রাসাকে এমপিওভুক্ত করা হয়েছে। ভারতের চেন্নাই থেকে ০৭ জন শিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

সর্বোপরি শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, কারিগরি ও বৃত্তিমূলক, বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক শিক্ষা ও প্রশিক্ষণের সমন্বয়ে প্রশিক্ষিত, দক্ষ এবং উন্নত মূল্যবোধ সম্পন্ন মানব সম্পদ সৃষ্টিতে সদা সচেষ্ট।

বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০২০ প্রকাশনার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু

বাংলাদেশ চিরজীবী হোক

মহিবুল হাসান চৌধুরী, এম.পি.
উপমন্ত্রী

মোঃ আমিনুল ইসলাম খান
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

বাণী

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত 'রূপকল্প ২০২১' এর লক্ষ্য অর্জনের মাধ্যমে একটি প্রযুক্তি নির্ভর মানসম্পন্ন প্রগতিশীল ডিজিটাল বাংলাদেশ গঠনে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ নিরলসভাবে কাজ করছে। দেশের ব্যাপক জনগোষ্ঠিকে মানবসম্পদে পরিণত করার উদ্দেশ্যে শিক্ষা ক্ষেত্রে সরকার কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে। কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় শিক্ষার্থীর ভর্তির হার ২০২০ সালের মধ্যে ২০%, ২০৩০ সালের মধ্যে ৩০% এবং ২০৪০ সালের মধ্যে ৫০% এ উন্নীত করার জন্য সরকার কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। ইতোমধ্যে এ হার ১৭.১৪%এ উন্নীত হয়েছে। বর্তমানে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সম্প্রসারণে ৪৯টি সরকারি এবং প্রায় ৪ শতাধিক বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউটসহ ৬৪টি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে ৪ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষা কোর্স চালু আছে। কর্মক্ষেত্রে নারীদের সক্ষমতা বৃদ্ধির বিষয়টি বিবেচনায় সরকার বিভিন্ন বিভাগীয় শহরে ৪টি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটসহ ২৩টি জেলায় নতুন পলিটেকনিক ইনস্টিটিউট প্রতিষ্ঠার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

কারিগরি শিক্ষায় নিয়োজিত শিক্ষকদের প্রশিক্ষণের জন্য ঢাকায় টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ এবং বগুড়ায় একটি ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট (ভিটিটিআই) চালু আছে। ইতোমধ্যে উক্ত ইনস্টিটিউটসমূহে একাডেমিক-কাম-ওয়ার্কসপ ভবন নির্মাণ করা হয়েছে। এর ফলে কারিগরি বিষয়ে ব্যবহারিক শিক্ষার সুযোগ বৃদ্ধি ও মানোন্নয়ন সম্ভব হবে। বেসরকারি পর্যায়ে প্রতিষ্ঠিত ২, ১৩৫টি কারিগরি প্রতিষ্ঠানের ১৯,০০০ জন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্তির আওতায় এনে তাদের কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।

মাদ্রাসা শিক্ষার্থীদের কারিগরি শিক্ষায় দক্ষ করে তোলার লক্ষ্যে বর্তমানে ২০২ টি মাদ্রাসায় বিজনেস ম্যানেজমেন্ট এবং ৩০৩টি মাদ্রাসায় দাখিল ভোকেশনাল কোর্স চালু আছে। এছাড়া মাদ্রাসা শিক্ষকদের পেশাগত প্রশিক্ষণ দেয়ার জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হয়েছে। ২০২১ সালের মধ্যে প্রতিটি সংসদীয় আসনে ৬টি করে বহুতল ভবন নির্মাণের লক্ষ্যে "মাদ্রাসাসমূহের উন্নয়ন (১৮০০টি মাদ্রাসা) শীর্ষক প্রকল্প" বাস্তবায়ন করা হচ্ছে। ৬৫৩টি মাদ্রাসায় প্রকল্পের মাধ্যমে মাল্টিমিডিয়া স্থাপনের কার্যক্রম চলছে। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের "মাদ্রাসা এডুকেশন এন্ড ইনফরমেশন সিস্টেম সাপোর্ট স্থাপন (MEMIS) প্রকল্প" চলমান রয়েছে। ৩৫টি মডেল মাদ্রাসা স্থাপন করা হয়েছে। ৩১টি মাদ্রাসায় কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। এবতেদায়ী, জেডিসি, দাখিল ও আলিম পরীক্ষায় উত্তীর্ণ ১১২৫০ শিক্ষার্থীকে ট্যালেন্টপুল এবং ২২৩৫০ শিক্ষার্থীকে সাধারণ গ্রেডে বৃত্তি প্রদান করা হয়েছে। ইসলামি বিশ্ববিদ্যালয় ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে ৫২টি মডেল মাদ্রাসায় অনার্স কোর্স চালু করা হয়েছে। মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের লাইব্রেরীতে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের কাজ চলমান।

আগামীতে দেশের শিক্ষা ব্যবস্থার মূল চালিকা শক্তি হবে কারিগরি শিক্ষা এবং এ কারিগরি শিক্ষায় শিক্ষিত দক্ষ জনবলের শ্রম শক্তির উপর উন্নত সমৃদ্ধ সোনার বাংলাদেশ বিনির্মিত হবে বলে প্রত্যাশা করছি।

যাদের আন্তরিকতা ও একনিষ্ঠ কর্মের ফল এ প্রকাশনা তাদের সকলকে জানাই ধন্যবাদ ও অভিনন্দন।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

বাংলাদেশ চিরজীবী হোক ।

মোঃ আমিনুল ইসলাম খান
সচিব

নির্বাহী সার-সংক্ষেপ

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন বর্তমান সরকারের গতিশীল নেতৃত্ব, সুদূরপ্রসারী লক্ষ্যমাত্রা, অব্যাহত সমর্থন এবং নির্বাচনী ইশতেহার অনুসরণে গৃহীত উন্নয়মূলক কার্যক্রমের ফলশ্রুতিতে শিক্ষার্থী ভর্তি, প্রশিক্ষণ, নারীর অংশগ্রহণ, সুবিধাবঞ্চিতদের জন্য সুযোগ সৃষ্টি, অবকাঠামো উন্নয়নসহ প্রযুক্তি নির্ভর কর্মকান্ডের মাধ্যমে কারিগরি শিক্ষাক্ষেত্রে সাধিত হয়েছে এক নীরব বিপ্লব।

'কারিগরি, বৃত্তিমূলক, বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক শিক্ষা এবং প্রশিক্ষণের সমন্বয়ে প্রশিক্ষিত, দক্ষ ও ধর্মীয় মূল্যবোধসম্পন্ন মানব সম্পদ সৃষ্টি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মূল লক্ষ্য।

মানসম্মত কারিগরি শিক্ষার সম্প্রসারণ ও মাদ্রাসা শিক্ষা যুগোপযোগীকরণের লক্ষ্যে এ বিভাগের আওতায় কৌশলগত কর্মপরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়ন করা হচ্ছে।

জাতীয় শিক্ষানীতি ২০১০ এর আলোকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষার মানোন্নয়নে গবেষণা, প্রশিক্ষণ; নীতিমালা ও প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন এবং পরিবীক্ষণ; শিক্ষা প্রতিষ্ঠানকে আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান; কারিগরি ও মাদ্রাসা শিক্ষায় বিভিন্ন পর্যায়ের পাঠ্যক্রম প্রণয়ন ও উন্নয়ন, মুদ্রণ ও বিতরণ; মাল্টিমিডিয়া বই, শ্রেণিকক্ষে পাঠদান ও শিক্ষা ব্যবস্থাপনায় আইসিটি ও আধুনিক প্রযুক্তির বাস্তব প্রয়োগ নিয়ে এ বিভাগ কাজ করে যাচ্ছে।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সাম্প্রতিক উল্লেখযোগ্য অর্জনসমূহ হলো:

- ২৩ টি জেলায় টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে শিক্ষা কার্যক্রম শুরু করার প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ;
- ২৩ টি জেলায় পলিটেকনিক ইন্সটিটিউট স্থাপনের কার্যক্রম চালু;
- ৩২৯ টি উপজেলায় ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের কার্যক্রম শুরু;
- উচ্চ শিক্ষার ক্ষেত্রে কারিগরি শিক্ষার সুযোগ সম্প্রসারণে বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজে প্রতি বছর ৭২০ জন করে শিক্ষার্থী ভর্তির সুযোগ সৃষ্টি ;
- কারিগরি শিক্ষার এনরোলমেন্ট ২০% এ উন্নীতকরণের লক্ষ্যে ডিপ্লোমা পর্যায়ে আসন সংখ্যা ২৫,০০০ থেকে ৫৭,৭৮০ এ উন্নীতকরণ;
- সিঙ্গাপুর নানিয়াং পলিটেকনিকে ১৯৯৭ জন শিক্ষক/কর্মকর্তার কারিগরি প্রশিক্ষণ প্রদান;
- সক্ষমতা বৃদ্ধির জন্য ৪৫,০০০ এর অধিক শিক্ষক-কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান;
- Technical and Vocational Education and Training (TVET) সংক্রান্ত উচ্চতর প্রশিক্ষণের জন্য ৫২ জন শিক্ষার্থীর চীন গমন;
- কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের সাথে ৫৫৩ টি বেসরকারী প্রতিষ্ঠানের সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে ইন্ডাস্ট্রি- ইন্সটিটিউট লিংকেজ স্থাপন;
- ভর্তির ক্ষেত্রে নারী কোটা ১০% থেকে ২০% এ উন্নীতকরণসহ নারীবান্ধব অনুকূল পরিবেশ সৃষ্টি;
- বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য র‍্যাম্প নির্মাণ ও ভর্তির ক্ষেত্রে ৫% কোটা সংরক্ষণ।

দক্ষতা উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে রেডিমেড গার্মেন্টস সেক্টরে ১,১০,০০০ জনকে কর্মমুখী প্রশিক্ষণ, সুদক্ষ প্রকল্পের আওতায় ৩৮,৩৫৬ জন ও স্কিলস-২১ প্রকল্পের আওতায় ১২৮৩ জন যুবককে দক্ষতা প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়াও ১৫৯৩ জন শিক্ষিত যুব ও যুব মহিলা এবং ৯০২ জন শিক্ষককে কম্পিউটার বিষয়ক বিভিন্ন কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও ৮৮৩ জন যুবককে পূর্ব অভিজ্ঞতা (আরপিএল) সনদ প্রদান করা হয়।

কারিগরি শিক্ষায় এনরোলমেন্ট এর ক্ষেত্রে অভূতপূর্ব অগ্রগতি সাধিত হয়েছে। ২০১৯ সালে এনরোলমেন্ট ১৭.১৪% এ উন্নীত হয়। ২০২০ সালের মধ্যে ২০% ও ২০৩০ সালের মধ্যে ৩০% এ উন্নীতকরণের লক্ষ্যে সরকারী ও বেসরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ভর্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় বছরে গড়ে সরকারি প্রতিষ্ঠান ৪.৭৫% এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ৬.৩৬% হারে অর্থাৎ বছরে গড়ে মোট ৬.২৩% হারে কারিগরি প্রতিষ্ঠান বৃদ্ধি পাচ্ছে।

পরিবর্তিত জাতীয় ও বৈশ্বিক পরিস্থিতি এবং সমকালীন জীবনের চাহিদা বিবেচনায় রেখে মাদ্রাসা শিক্ষাকে আধুনিকায়ন ও যুগোপযোগি করার জন্য সাধারণ শিক্ষাধারার ন্যায় মাদ্রাসা শিক্ষার্থীদের মধ্যে কতগুলো মৌলিক বিষয়ে সমগুণাবলী অর্জন এবং অভিন্ন দৃষ্টিভঙ্গি গড়ে তোলার লক্ষ্যে অভিন্ন শিক্ষাক্রম ও পাঠ্যসূচির প্রচলন করা হয়েছে। মাদ্রাসা শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির প্রতিকূলতা দূর করে মাদ্রাসা ও সাধারণ শিক্ষার আবশ্যিক বিষয়সমূহে সম নম্বর বন্টন, প্রশ্ন পদ্ধতির সাদৃশ্য বজায় রেখে জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি), দাখিল এবং আলিম পর্যায়ে সৃজনশীল প্রশ্ন-পদ্ধতিতে পরীক্ষা গ্রহণপূর্বক নির্ধারিত দিনের মধ্যে ফলাফল প্রকাশ করা হচ্ছে। ইতোমধ্যে ইসলামি বিশ্ববিদ্যালয় ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীন ৫২ টি মাদ্রাসায় অনার্স কোর্স চালু করা হয়েছে। এছাড়াও মাদ্রাসা শিক্ষকদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (বিএমটিটিআই)-এর মাধ্যমে প্রতি বছর প্রায় ৩০০০ শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। ২০১৯-২০ অর্থ বছরের মোট ২৭২৪ জন মাদ্রাসা শিক্ষককে বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৬৫৩ টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় ৩২২ টি মাদ্রাসায় ল্যাপটপ, স্পিকার ও স্মার্ট মাল্টিমিডিয়া ইন্টার-এ্যাকটিভ প্রজেক্টর সরবরাহ করা হয়েছে।

নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় ১৮০০ টি মাদ্রাসায় ২০২১ সালের মধ্যে চারতলা ভবন নির্মাণ কার্যক্রম গ্রহণ ও দাখিল থেকে কামিল পর্যায়ে ৭৯৫০ টি মাদ্রাসায় ১ লক্ষ ৪৭ হাজার ৬৩৪ জন শিক্ষক/কর্মচারীকে এমপিও প্রদান করা হয়েছে। অনুদান ভুক্ত ১৫১৯ টি স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার ৪৫২৯ জন শিক্ষক-কর্মচারীকে অনুদান প্রদান করা হয়েছে।

সূচি

বিষয়	পৃষ্ঠা নম্বর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের লক্ষ্য ও উদ্দেশ্য	০১
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর, সংস্থা ও প্রতিষ্ঠানসমূহ	০১
কারিগরি শিক্ষা সম্প্রসারণ	০৩
কারিগরি শিক্ষার মানোন্নয়ন	০৫
মাদ্রাসা শিক্ষা যুগোপযোগীকরণ	১৫
শিক্ষকদের সক্ষমতা বৃদ্ধিকরণ	১৭
আইন, বিধি ও নীতিমালা	২০
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ কর্ম-পরিকল্পনা	২১
টেবিল ও গ্রাফ সূচি	২৩
শব্দসংক্ষেপ	২৪

এইচএসসি, আলিম, এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (বি.এম.) ও ডিআইবিএস পরীক্ষা-২০১৯ এর ফলাফল হস্তান্তর ও ফলাফল প্রকাশ অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিকট বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর ২০১৯ সালের আলিম পরীক্ষার ফলাফল হস্তান্তর।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের লক্ষ্য ও উদ্দেশ্য

২০৪১ সালের মধ্যে 'সমৃদ্ধ বাংলাদেশ' গড়ার প্রত্যয়ে দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। দেশের জনসংখ্যাতাত্ত্বিক সুবিধা (Demographic Dividend)-এর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে কারিগরি শিক্ষার প্রসার, মাদ্রাসা শিক্ষার আধুনিকায়ন এবং শিক্ষার সার্বিক মানোন্নয়নের মাধ্যমে বিশাল জনগোষ্ঠীকে দক্ষ মানবসম্পদে পরিণত করাই এ বিভাগের মূল কর্তব্য।

১.১ লক্ষ্য

সাধারণ, বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক শিক্ষা এবং প্রশিক্ষণের সমন্বয়ে সুশিক্ষিত, দক্ষ ও উন্নত নৈতিকতাসম্পন্ন মানবসম্পদ সৃষ্টি।

১.২ উদ্দেশ্য

১.২.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

- ✓ সকল ছাত্র/ছাত্রীর বিনাখরচে ন্যায়সঙ্গত ও মানসম্মত শিক্ষা সমাপন নিশ্চিত করা;
- ✓ সকল নারী ও পুরুষের জন্য সাশ্রয়ী ও মানসম্মত দক্ষতা সম্পন্ন উচ্চ শিক্ষার সুযোগ নিশ্চিত করা;
- ✓ শিক্ষাক্ষেত্রে জেন্ডার বৈষম্য দূর করা, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃতাত্ত্বিক জনগোষ্ঠিসহ ঝুঁকিতে রয়েছে এমন জনগোষ্ঠীর জন্য কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার সমান সুযোগ নিশ্চিত করা;
- ✓ যোগ্যতাসম্পন্ন শিক্ষকের সংখ্যা উলেখযোগ্য হারে বৃদ্ধি করা;
- ✓ শিশু, প্রতিবন্ধী ও জেন্ডার সংবেদনশীল এবং নিরাপদ, অন্তর্ভুক্তিমূলক ও কার্যকর শিখন পরিবেশ সংবলিত শিক্ষা অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন।

১.২.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

- ✓ কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;
- ✓ দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা;
- ✓ আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;
- ✓ দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
- ✓ তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা।

২. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর, সংস্থা ও প্রতিষ্ঠানসমূহ

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নবনিযুক্ত সচিব জনাব মোঃ আমিনুল ইসলাম খান-এর সাথে
এ বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাগণের সৌজন্য সাক্ষাৎ

> কারিগরি শিক্ষা নিলে
> বিশ্বজুড়ে কর্ম মিলে

> দিন বদলের বইছে হাওয়া
> কারিগরি শিক্ষাই প্রথম চাওয়া

৩. কারিগরি শিক্ষা সম্প্রসারণ

চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ মানবসম্পদ গড়ে তোলার বিকল্প নেই। সে লক্ষ্যে কারিগরি শিক্ষার মানোন্নয়ন ও সম্প্রসারণে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নতুন অবকাঠামো নির্মাণ, বিদ্যমান অবকাঠামো সংস্কার ও সম্প্রসারণ করা হচ্ছে। এছাড়াও শিক্ষার্থীদের মেধাবৃত্তি ও উপবৃত্তি প্রদান এবং শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক কর্মচারীদের এমপিওভুক্ত করা হচ্ছে।

ছবি: বিজিএমইএ এর সাথে এমওইউ স্বাক্ষর

৩.১ অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নতুন অবকাঠামো নির্মাণ, বিদ্যমান অবকাঠামো সংস্কার ও সম্প্রসারণের আওতায় নিম্নরূপ কার্যক্রম চলমান রয়েছে।

- ০৮ বিভাগে ০৮টি আঞ্চলিক পরিচালকের কার্যালয় ভবন নির্মাণ;
- ৪টি বিভাগীয় শহরে (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা) ৪টি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট;
- নতুন ৪টি (ফরিদপুর, সিলেট,বরিশাল ও ময়মনসিংহ) ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন;
- ঢাকা পলিটেকনিক, ঢাকা মহিলা পলিটেকনিক ও বগুড়া ভিটিটিআই-এ ১টি করে মোট ৩ টি মহিলা হোস্টেল স্থাপন;
- শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধিতে সিলেট, বরিশাল, রংপুর ও ময়মনসিংহ বিভাগীয় সদরে ০১টি করে মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন;
- বাংলাদেশের সব জেলায় কমপক্ষে একটি পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন করার লক্ষ্যে ২৩ টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন;
- চট্টগ্রাম, খুলনা, রাজশাহী এবং রংপুর বিভাগে ১টি ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন;
- কুমিল্লা ও রাজশাহী সার্ভে ইনস্টিটিউট আধুনিকায়নসহ যশোর ও পটুয়াখালীতে নতুন সার্ভে ইনস্টিটিউট স্থাপন;
- ১০০টি উপজেলায় ১০০টি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ স্থাপন;
- 'উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্পের মাধ্যমে দেশের প্রতিটি উপজেলায় অন্তত একটি করে টেকনিক্যাল স্কুল স্থাপন;
- 'কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজ এর সক্ষমতা বৃদ্ধি' শীর্ষক প্রকল্পের মাধ্যমে এ প্রতিষ্ঠানগুলোর আধুনিকায়নসহ সার্বিক সক্ষমতা বৃদ্ধির কার্যক্রম এবং বিদ্যমান ৪৯টি সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট -এর বৃদ্ধি।

৩.২ শিক্ষার্থী ও প্রশিক্ষণার্থীদের বৃত্তি/উপবৃত্তি প্রদান

STEP (Skills and Training Enhancement Project) প্রকল্প, রাজস্ব বাজেট ও সংশোধিত পরিচালন বাজেট থেকে ২০১৯-২০ অর্থবছরে শিক্ষার্থী/প্রশিক্ষণার্থীদের মধ্যে নিম্নরূপভাবে বৃত্তি/উপবৃত্তি প্রদান করা হয়েছে।

ক্র.নং	বৃত্তি প্রদানের খাত/প্রকল্প	বৃত্তির হার (টাকা)	ছাত্র-ছাত্রীর সংখ্যা	প্রদানকৃত ক্লাস/পর্যায়	মোট (টাকা)
০১.	STEP প্রকল্প	৪৮০০ (৬ মাস)	১১৭৫৮৯	ডিপ্লোমা	৫৬,৪৪,২৭,২০০
০২.	রাজস্ব বাজেট	৩৯০০	১১০০০ জন (১ বছর) + ৪৪৩ জন ৬ মাস	ডিগ্রি	৪,৩৭,৬৩,৮৫০
০৩.	রাজস্ব বাজেট	৩৩০০ (১ বছর)	৭০৩৫৪	ডিপ্লোমা	২৩,২১,৬৮,২০০
০৪.	রাজস্ব বাজেট	২৬০০	২৪৮১৩	সার্টিফিকেট	৬,৪৫,১৩,৮০০

টেবিল-১: শিক্ষার্থী ও প্রশিক্ষণার্থীদের বৃত্তি/উপবৃত্তি প্রদান

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী, ২০২০ উদযাপন

৩.৩ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও কর্মচারীর এমপিওভুক্তি

এমপিওভুক্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান

ক্রঃ নং	২০১৭ সালের নীতিমালা অনুযায়ী আগষ্ট ২০২০ পর্যন্ত এমপিও ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারির সংখ্যা	কারিগরি		মোট
		নতুন	পুরাতন	
১	প্রতিষ্ঠানের সংখ্যা	৪৮৪	১৬৫২	২১৩৬
২	শিক্ষকের সংখ্যা	৪৭	১৪,৩৪৮	১৪৩৯৫
৩	কর্মচারীর সংখ্যা	২২	৪,৫৮১	৪৬০৩

টেবিল-২: এমপিওভুক্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান

৪. কারিগরি শিক্ষার মানোন্নয়ন

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত 'রূপকল্প ২০২১', 'রূপকল্প ২০৪১'-এর লক্ষ্য পূরণ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। দেশের বিশাল জনগোষ্ঠীকে দক্ষ মানবসম্পদে রূপান্তরের উদ্দেশ্যে সরকার কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করেছে। দেশে ও বিদেশের শ্রম বাজারের চাহিদার সাথে মিল রেখে দক্ষতা ভিত্তিক কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে নতুন প্রজন্মের অর্থনৈতিক উৎপাদনশীলতা বৃদ্ধি, সামাজিক দায়বদ্ধতা নিশ্চিতকরণ ও নৈতিক মূল্যবোধের বিকাশ সাধনের লক্ষ্যে এ বিভাগ মানসম্মত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার সুযোগ সম্প্রসারণ করে যাচ্ছে। কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় ভর্তির হার ইতোমধ্যে ১৭.১৪%-এ উন্নীত হয়েছে যা ২০৩০ সালের মধ্যে ৩০% এবং ২০৪০ সালের মধ্যে ৫০%-এ উন্নীত করার লক্ষ্যে কৌশলগত কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

মেমিস শীর্ষক কর্মশালায় বক্তব্য দিচ্ছেন মাননীয় শিক্ষামন্ত্রী, ডা. দীপু মনি এমপি

৪.১ কারিকুলাম প্রণয়ন

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের ক্ষেত্রে কারিগরি শিক্ষা বোর্ড যুগের চাহিদার আলোকে অর্থাৎ দেশে-বিদেশে, শিল্প কারখানায় কারিগরি ও দক্ষ জনশক্তির চাহিদা এবং প্রচলিত প্রযুক্তির পরিবর্তনের কারণে সময় সময় কারিকুলাম প্রণয়ন এবং পরিমার্জন করে থাকে। এরই ধারাবাহিকতায় এখন পর্যন্ত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ০৩ মাস/০৬ মাস থেকে ০৪ বছর মেয়াদি ৩৩ (তেত্রিশ) টি শিক্ষাক্রম প্রণয়ন ও বাস্তবায়ন করেছে-

ক্র.নং	শিক্ষাক্রমের নাম	মেয়াদ (বছর)	টেকনোলজি/ট্রেড/স্পেশালাইজেশন সংখ্যা
ডিপ্লোমা স্তর			
১.	ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং	৪	৩৪
২.	ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং	৪	৩
৩.	ডিপ্লোমা ইন এগ্রিকালচার	৪	১
৪.	ডিপ্লোমা ইন ফিশারিজ	৪	১
৫.	ডিপ্লোমা ইন ফরেস্ট্রি	৪	১
৬.	ডিপ্লোমা ইন লাইভস্টক	৪	১
৭.	ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি	৪	৮
৮.	ডিপ্লোমা ইন ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি	৪	৫
৯.	ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (নেভাল)	৪	৪
১০.	ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (আর্মি)	৪	৫

উচ্চ মাধ্যমিক স্তর			
১১.	এইচএসসি (ভোকেশনাল)	২	১৪
১২.	এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা)	২	৫
১৩.	ডিপ্লোমা ইন কমার্স	২	২
মাধ্যমিক স্তর			
১৪.	এসএসসি (ভোকেশনাল)	২	৩১
১৫.	দাখিল (ভোকেশনাল)	২	৩১
অন্যান্যকোর্স			
১৬.	ডিপ্লোমা ইন ফিশারিজ (ইন সার্ভিস)	৩	১
১৭.	ডিপ্লোমা ইন ফরেষ্ট্রি (ইন সার্ভিস)	২	১
১৮.	ডিপ্লোমা ইন এনিম্যাল হেলথ্ অ্যান্ড প্রডাকশন (ইন সার্ভিস)	২	১
১৯.	ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন	১	৩
২০.	ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন	১	৮
২১.	সার্টিফিকেট ইন মেরিন ট্রেড	২	৪
২২.	ডিপ্লোমা ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড	১	১
২৩.	স্কিল সার্টিফিকেট কোর্স	১	৬
২৪.	সার্টিফিকেট ইন ভোকেশনাল এডুকেশন	১	৯
২৫.	সার্টিফিকেট ইন হেলথ্ টেকনোলজি	১	১০
২৬.	সার্টিফিকেট ইন পোল্ট্রি ফার্মিং	১	১
২৭.	সার্টিফিকেট ইন এনিম্যাল হেলথ্ অ্যান্ড প্রডাকশন	১	১
২৮.	জাতীয় দক্ষতামান- II	১	১৪
২৯.	জাতীয় দক্ষতামান- III	১	১৪
৩০.	এডভান্সড সার্টিফিকেট কোর্স	১	২
৩১.	সার্টিফিকেট ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড	৬ মাস	১
৩২.	প্রফেশনাল ডিপ্লোমা ইন অটোমোবাইল	৬ মাস	১
৩৩.	জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ঘন্টা)	৩/৬ মাস	১০১
মোট			**৩২১**

টেবিল-৩: বোর্ড অনুমোদিত শিক্ষাক্রম

৪.২ কারিকুলাম পরিমার্জন

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার ক্ষেত্রে কারিগরি শিক্ষা বোর্ড যুগের চাহিদার আলোকে অর্থাৎ দেশে-বিদেশে, শিল্পকারখানায় কারিগরি ও দক্ষজনশক্তির চাহিদা এবং প্রচলিত প্রযুক্তির পরিবর্তনের কারণে ২০১৯-২০২০ অর্থ বছরে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (আর্মি), ডিপ্লোমা ইন এগ্রিকালচার, এসএসসি (ভোকেশনাল) এবং জাতীয় দক্ষতা মান বেসিক (৩৬০ঘন্টা) শিক্ষা ক্রমের সিলেবাস পরিমার্জন করেছে।

৪.৩ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান অনুমোদন

২০১৯-২০২০ শিক্ষাবর্ষ পর্যন্ত শিক্ষাক্রম ভিত্তিক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠানের সংখ্যা মোট ১০,৬৬১টি। তন্মধ্যে সরকারি প্রতিষ্ঠান ৬৯৪টি এবং বেসরকারি প্রতিষ্ঠান ৯৯৬৭টি। মোট ১০,৬৬১টি প্রতিষ্ঠানের মধ্যে মাধ্যমিক স্তরে এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালনার জন্য ৩২৬৫ টি প্রতিষ্ঠান, দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালনার জন্য ৩০৫টি, উচ্চ মাধ্যমিক স্তরে এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালনার জন্য ৬৪টি, এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম পরিচালনার জন্য ১৯০৭টি, ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রম পরিচালনার জন্য ০৭টি, ডিপ্লোমা স্তরে ৪ বছর মেয়াদি ডিপ্লোমা (সকল) শিক্ষাক্রম পরিচালনার জন্য ১২৭৭টি, জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রম পরিচালনার জন্য ৩২২৫টি এবং অন্যান্য শিক্ষাক্রম পরিচালনার জন্য ৫০৮টি প্রতিষ্ঠান বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে।

২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরের কিছু মুহূর্ত

৪.৩.১ বছর ভিত্তিক প্রতিষ্ঠান সংখ্যা



গ্রাফ-১: বছর ভিত্তিক প্রতিষ্ঠান সংখ্যা

৪.৩.২ প্রতিষ্ঠান সংখ্যা বৃদ্ধির হার

সরকারি প্রতিষ্ঠান গড়ে বছরে ৪.৭৫% হারে এবং বেসরকারি প্রতিষ্ঠান ৬.৩৬% হারে বৃদ্ধি পাচ্ছে। সাকুল্যে গড়ে ৬.২৩% হারে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় কারিগরি প্রতিষ্ঠান প্রতি বছরে বৃদ্ধি পাচ্ছে। বর্তমান সরকারের দূরদর্শী পরিকল্পনা হলো দেশের প্রতিটি উপজেলায় ০১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) স্থাপন। এই পরিকল্পনার অংশ হিসাবে ৩২৯টি উপজেলায় টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) স্থাপিত হলে সরকারি কারিগরি প্রতিষ্ঠান বহুলাংশে বৃদ্ধি পাবে। এছাড়াও ২৩ জেলায় ২৩টি নতুন পলিটেকনিক ইন্সটিটিউট স্থাপনের কাজ চলমান রয়েছে।

প্রতিষ্ঠানের ধরণ	২০১৫-১৬	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	গড় হার
সরকারি	৫৮০	১৪.৮৩%	৩.৩০%	০.৭৩%	০.১৪%	৪.৭৫%
বেসরকারি	৭৮০৫	৪.৮৮%	৬.৯৮%	১১.৪৪%	২.১৩%	৬.৩৬%
মোট	**৮৩৮৫**	**৫.৫৭%**	**৬.৭০%**	**১০.৬৬%**	**২.০০%**	**৬.২৩%**

টেবিল-৪: প্রতিষ্ঠান সংখ্যা বৃদ্ধির হার

উল্লেখ্য ৪টি নতুন পলিটেকনিক ইন্সটিটিউট এবং ৮টি টেকনিক্যাল স্কুল ও কলেজ শুধুমাত্র মহিলা শিক্ষার্থীদের জন্য আবাসন ব্যবস্থাসহ বির্নিমিত হচ্ছে। অপরদিকে বেসরকারি উদ্যোগে কারিগরি প্রতিষ্ঠানসমূহ বৃদ্ধির লক্ষ্যে বর্তমান নীতিমালায় প্রয়োজনীয় সংশোধনীর বিষয়টি প্রক্রিয়াধীন। আশা করা যাচ্ছে উদ্যোগসমূহ বাস্তবায়িত হলে দেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান করার জন্য প্রতিষ্ঠানসমূহ কার্যকারীভাবে বৃদ্ধি পাবে।

জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি ২০১১ বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ২০১২ সাল থেকে সক্ষমতা ভিত্তিক প্রশিক্ষণ ও মূল্যায়ন (CBT&A) কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো (NTVQF) এর আলোকে সক্ষমতা ভিত্তিক প্রশিক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে বোর্ড সনদায়ন করে থাকে। এই কার্যক্রম বাস্তবায়নের জন্য সারাদেশে এ পর্যন্ত ৪১১টি রেজিস্টার্ড ট্রেনিং অর্গানাইজেশন (RTO) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত হয়েছে।

৪.৪ আসন সংখ্যা সংক্রান্ত তথ্য

২০১৯-২০২০ শিক্ষাবর্ষ পর্যন্ত শিক্ষাক্রম ভিত্তিক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত আসন সংখ্যা মোট ১১,১৮,৭৫৯ টি। তন্মধ্যে সরকারি প্রতিষ্ঠানে ১,৬৩,০১৫টি এবং বেসরকারি প্রতিষ্ঠানে ৯,৫৫,৭৪৪টি। মোট ১১,১৮,৭৫৯টি আসনের মধ্যে মাধ্যমিক স্তরে এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালনার জন্য ৩,৪৯,৩২০টি, দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালনার জন্য ২৪,৪০০টি, উচ্চ মাধ্যমিক স্তরে এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালনার জন্য ১৪,৮৮০টি, এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম পরিচালনার জন্য ১,৭৫,৩০৮টি, ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রম পরিচালনার জন্য ৬১৬টি, ডিপ্লোমা স্তরে ৪ বছর মেয়াদি ডিপ্লোমা (সকল) শিক্ষাক্রম পরিচালনার জন্য ২,২৫,৬০০টি, জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রম পরিচালনার জন্য ২,৯৫,৪৭০টি এবং অন্যান্য শিক্ষাক্রম পরিচালনার জন্য ৩৩,১৬৫টি আসন বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে।

প্রতিষ্ঠানের ধরণ	২০১৫-১৬	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০
সরকারি	১২৪৮৮৫	১৩০০৫৫	১৩২৮০৫	১৩৩৫৪৫	১৬৩০১৫
বেসরকারি	৬৯৮৯৯৬	৭২৭৮৮৬	৮০২১৯৬	৮৮৪২৫৪	৯৫৫৭৪৪
মোট	৮২৩৮৮১	৮৫৭৯৪১	৯৩৫০০১	১০১৭৭৯৯	১১১৮৭৫৯

টেবিল-৫: আসন সংখ্যার ক্রমবৃদ্ধি

৪.৪.১ আসন সংখ্যা বৃদ্ধির হার

গড়ে সরকারি প্রতিষ্ঠান বছরে ৭.২২% হারে এবং বেসরকারি প্রতিষ্ঠান ৮.১৬% হারে বৃদ্ধি পাচ্ছে। সাকুল্যে গড়ে ৭.৯৭% হারে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় কারিগরি প্রতিষ্ঠান প্রতি বছরে বৃদ্ধি পাচ্ছে।

প্রতিষ্ঠানের ধরণ	২০১৫-১৬	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	গড় হার
সরকারি	১২৪৮৮৫	৪.১৪%	২.১১%	০.৫৬%	২২.০৭%	৭.২২%
বেসরকারি	৬৯৮৯৯৬	৪.১৩%	১০.২১%	১০.২৩%	৮.০৮%	৮.১৬%
মোট	**৮২৩৮৮১**	**৪.১৩%**	**৮.৯৮%**	**৮.৮৬%**	**৯.৯২%**	**৭.৯৭%**

টেবিল-৬: আসন সংখ্যা বৃদ্ধির হার

৪.৫ এনরোলমেন্ট সংক্রান্ত তথ্য

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষাক্রমে এনরোলমেন্ট সংখ্যা মোট ১৩,৮৭,৬৯১ জন। তন্মধ্যে ছাত্রী এনরোলমেন্ট ৩,৭০,৬৫৮ জন। অর্থাৎ ছাত্রী এনরোলমেন্ট হার ২৬.৭১%।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষার্থীদের মোট এনরোলমেন্ট

শিক্ষাক্রমের নাম	২০১৭			২০১৮			২০১৯		
	মোট	ছাত্র	ছাত্রী	মোট	ছাত্র	ছাত্রী	মোট	ছাত্র	ছাত্রী
এসএসসি (ভোকেশনাল)	৩০৬৪৭৫	২৩০,৮১১	৭৫৬৬৪	৩৫৩২৯৪	২৬৩,০৫৪	৯০২৪০	৩৭২২৫৭	২৭৭,৩৪৩	৯৪৯১৪
দাখিল (ভোকেশনাল)	৮৩৭৩	৬,২৫১	২১২২	৭২৬৫	৫,৩৩৫	১৯৩০	৭১২৪	৫,১৪৭	১৯৭৭
এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা)	২৩৪০৪৮	১৬১,০৬৪	৭২৯৮৪	২৮৪৯৮৮	১৯৩,৮৯৬	৯১০৯২	৩৮১৬১১	২৫৮,৮৯৮	১২২৭১৩
এইচএসসি (ভোকেশনাল)	১৯০৩৮	১৬,৬৮২	২৩৫৬	১৮৭৮৬	১৬,৫৬৭	২২১৯	১৪৯৬২	১৩,১৩৭	১৮২৫
ডিপ্লোমা (সকল)	৩৩৮০১২	২৮৫,৫০৫	৫২৫০৭	৩১৮১২৭	২৬৪,৮৪১	৫৩২৮৬	৩৩৮৮৮৮	২৮১,১৫২	৫৭৭৩৬
জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা)	২৬২৭৯৯	১৭৪,৯৯৫	৮৭৮০৪	২৮০৩০১	১৮১,৮৮৬	৯৮৪১৫	২৭২৮৪৯	১৮১,৩৫৬	৯১৪৯৩
মোট	**১১৬৮৭৪৫**	**৮৭৫,৩০৮**	**২৯৩৪৩৭**	**১২৬২৭৬১**	**৯২৫,৫৭৯**	**৩৩৭১৮২**	**১৩৮৭৬৯১**	**১,০১৭,০৩৩**	**৩৭০৬৫৮**

টেবিল-৭: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় বিভিন্ন শিক্ষাক্রমে বছর ভিত্তিক এনরোলমেন্ট

